

আমাদের লক্ষ্য ও আচরণ নীতি (Our Vision & Code of Conduct)

■ **লক্ষ্য (Vision)** ▶ আমাদের ক্রেতাগণ, অন্যান্য স্বার্থ সংশ্লিষ্ট পক্ষগণ ও আমাদের কর্মীদের সাথে একটি শক্তিশালী বন্ধন গড়ে তুলে আমাদের কাজের নির্ধারিত ক্ষেত্রে অন্যতম নেতৃত্বস্থানে উত্তরণ করা।

■ **আচরণনীতি (Code of Conduct)** ▶ এশিয়ান গ্রুপ ইহার কার্যক্ষেত্রে একটি আচরণ নীতি মেনে চলতে প্রতিজ্ঞাবদ্ধ। বেপজা নির্দেশিকা, বাংলাদেশ শ্রম আইন ২০০৬, শ্রম বিধি ২০১৫, আই.এল ও কনভেনশন, মানবাধিকারের উপর জাতিসংঘ এর সম্মিলিত ঘোষণা, শিশু অধিকারের উপর জাতিসংঘ কনভেনশন, নারীর প্রতি সকল ধরনের বৈষম্যদূরীকরণ, বৈশ্বিক দৃঢ়তা, বহুজাতিক কোম্পানী ও এরূপ আন্তর্জাতিক সংস্থা সমূহের জন্য অর্থনৈতিক সহযোগীতা ও উন্নয়ন সংস্থা এর নির্দেশনা এত এশিয়ান গ্রুপ এই নিশ্চয়তা প্রদান করে যে, ইহার প্রতিষ্ঠান/গার্মেন্টস সমূহে ভাল কার্য পরিবেশে উৎপাদন করা হয় এবং ইহার ক্রেতাদের উচ্চমান সম্পন্ন পণ্য সরবরাহ করা হয়। এশিয়ান গ্রুপ প্রযোজ্য ক্ষেত্রে সকল দেশীয় ও আন্তর্জাতিক আইন ও প্রবিধানের প্রতি শ্রদ্ধাশীল ও মেনে চলে।

১। **আইন মেনে চলা** ▶ এশিয়ান গ্রুপ ঐ সকল স্থান থেকে পণ্য উৎপাদন করবে যে সকল প্রতিষ্ঠানের ঐ সকল পণ্য উৎপাদনের খ্যাতি রয়েছে এবং যারা শ্রম ও ব্যবসা পরিচালনার ক্ষেত্রে দেশীয় ও আন্তর্জাতিক আইন সমূহ মেনে চলে।

২। **শিশু শ্রম** ▶ এশিয়ান গ্রুপ এর নীতি হচ্ছে দেশীয় আইন ও আই.এল. ও কনভেনশন অনুযায়ী শিশু শ্রমিক নিয়োগ না করা। এশিয়ান গ্রুপ ১৮ (আঠার) বছরের নীচে কোন শ্রমিক নিয়োগ প্রদান করে না। ধূর্ঘটনা বশত ১৮ বছরের নীচে কোন শ্রমিক নিয়োগ হলে শিশু শ্রম প্রতিকার পলিসি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়।

৩। **জোর জবরদস্তি / বাধ্যতামূলক শ্রমে নিয়োগ** ▶ এশিয়ান গ্রুপ দাসত্বমূলক শ্রম, চুক্তিবদ্ধ শ্রম, কারাবাসকালীন শ্রম ইত্যাদি যাই হোক না কেন আমরা কোন প্রকার জোর জবরদস্তি/বাধ্যতামূলক শ্রমে নিয়োগ অনুমতি দেই না। অতিরিক্ত কাজের ক্ষেত্রে শ্রমে নিয়োগ অবশ্যই স্বেচ্ছামূলক হয়ে থাকে।

৪। **হয়রানি ও অপমান মূলক আচরণ** ▶ এশিয়ান গ্রুপ ইহার শ্রমিক/কর্মচারীদের প্রতি শ্রদ্ধাশীল ও সম্মান প্রদর্শন করে। কোন শ্রমিক যাতে শারীরিক, যৌন, মানসিক হয়রানী কিংবা অপমান মূলক অসদাচরণের শিকার না হয় সে ব্যাপারে কারখানা কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করে। যদি এরূপ কোন অসদাচরণ ঘটে তবে ইহা যথাযথ শৃঙ্খলা নীতি অনুযায়ী সমাধানের ব্যবস্থা গ্রহণ করা হয়।

৫। **বৈষম্যমূলক আচরণ** ▶ এশিয়ান গ্রুপ ইহার শ্রম শক্তির সার্বজনীন মানবাধিকার রক্ষা এবং ইহার উন্নতি সাধনে সচেষ্ট। চাকুরীকালীন সময়ে যেমন- নিয়োগ, ভাড়া খাটা, প্রশিক্ষণ, কর্মক্ষেত্রের পরিবেশ, কর্মবন্টন, মজুরী, কর্মকালীন সুবিধা, পদোন্নতি, শৃঙ্খলা, চাকুরী হইতে অপসারণ অথবা নিয়োগের ক্ষেত্রে- লিঙ্গ, জাতি, গোষ্ঠী, সামাজিক উৎস, ধর্ম, বর্ণ, বয়স, শারীরিক অক্ষমতা, স্থানীয়তা অথবা রাজনৈতিক মতাদর্শের কারণে কোন শ্রমিকের প্রতি বৈষম্যমূলক আচরণ সম্পূর্ণ রূপে নিষিদ্ধ।

৬। **সংগঠনের অধিকার** ▶ এশিয়ান গ্রুপ এর সকল শ্রমিকের অবশ্যই তার নিজের পছন্দ অনুযায়ী, আইনগতভাবে অনুমোদনপ্রাপ্ত কোন সংগঠন প্রতিষ্ঠা বা তাতে যোগ দেওয়ার অধিকার এবং কোন প্রকার শাস্তিমূলক ব্যবস্থা ব্যতীত শাস্তিপূর্ণভাবে এই সকল অধিকার প্রতিষ্ঠার জন্য কাজ করার অধিকার থাকবে।

৭। **মজুরী ও অন্যান্য প্রাপ্ত সুবিধাদি** ▶ এশিয়ান গ্রুপ অনুমোদিত মজুরী কাঠামো অনুযায়ী শ্রমিকদেরকে মজুরী প্রদান করে। এছাড়াও শ্রমিকদের হাজিরা বোনাস, যাতায়াত ভাতা, খাদ্য ভর্তুকি প্রদান সহ অর্জিত ছুটির নগদায়ন করা হয়। শ্রমিকদের অত্যাবশ্যকীয় চাহিদা মেটানোর জন্য ন্যায্য মজুরী অত্যন্ত প্রয়োজনীয়। এশিয়ান গ্রুপ সকল প্রকার পাওনাদি যথাসময়ে পরিশোধ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

- ৮। **কার্য ঘন্টা** ▶ এশিয়ান গ্রুপের কারখানা/প্রতিষ্ঠান সমূহ স্থানীয় আইন অনুযায়ী কার্যঘন্টা মেনে চলে। প্রতিদিন ৮ (আট) ঘন্টা স্বাভাবিক কার্যঘন্টা এবং যদি প্রয়োজন হয় তাহলে সর্বোচ্চ ২ (দুই) ঘন্টা পর্যন্ত অতিরিক্ত কাজ হয়। অর্থাৎ সাপ্তাহিক সর্বোচ্চ মোট কার্য ঘন্টা (অতিরিক্ত কার্য ঘন্টাসহ) ৬০ (ষাট) ঘন্টার বেশী হতে পারবে না এবং এর মধ্যে প্রতি ৭ (সাত) দিনে ১ (এক) দিন ছুটির দিন হিসেবে প্রদান করা হবে। উৎপাদন কাজে নিয়োজিত শিল্প স্থাপনা সমূহ প্রযোজ্য সকল আইনের সাথে সংগতিপূর্ণ হবে এবং শ্রমিকদের জন্য অবকাশকালীন ছুটি এবং সাধারণ ছুটির প্রাপ্যতা নিশ্চিত করবে।
- ৯। **স্বাস্থ্য ও নিরাপত্তা** ▶ এশিয়ান গ্রুপ তার পণ্য উৎপাদনে সকল পর্যায়ে একটি নিরাপদ ও স্বাস্থ্য সম্মত পরিবেশ নিশ্চিত করে, যাতে দুর্ঘটনা ও জখম প্রতিরোধ করা যায়। এশিয়ান গ্রুপ সর্বোত্তম চেষ্টা করে যাতে কারখানা সমূহে যথেষ্ট বায়ু চলাচলের ব্যবস্থা, আলো, টয়লেট, ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামাদি, অগ্নি নির্বাপন যন্ত্র ও ব্যবস্থাদি সমুল্লত থাকে। কারখানা সমূহে নিয়মিতভাবে অগ্নি প্রশিক্ষণ ও মহড়া করা এবং আইন অনুযায়ী রেকর্ড সংরক্ষণ করা হয়।
- ১০। **পরিবেশ সংরক্ষণ ও ব্যবস্থাপনা** ▶ এশিয়ান গ্রুপ পরিবেশ সংরক্ষণ ও এর ব্যবস্থাপনার জন্য সর্বোচ্চ গুরুত্ব প্রদান করে। এক্ষেত্রে পুনঃ প্রক্রিয়াকরণ করা যায় এমন শক্তির ব্যবহার-কার্বন নির্গমন, বর্জ্য উৎপাদন নিয়ন্ত্রণ এবং পুনঃ প্রক্রিয়াজাতকরণের প্রতি প্রতিজ্ঞাবদ্ধ। সাথে সাথে মাটি, বায়ু ও পানি জাতীয় উৎস গুলোকে যথাসম্ভব দূষণমুক্ত রেখে একটি সুস্থ ও সুন্দর কর্ম পরিবেশ নিশ্চিত করা এশিয়ান গ্রুপ লক্ষ্য।
- ১১। **কারখানার নিরাপত্তা** ▶ এশিয়ান গ্রুপের কারখানা/প্রতিষ্ঠান সমূহ অবশ্যই নিরাপত্তা সংক্রান্ত ন্যূনতম মানদণ্ড প্রতিষ্ঠা করবে এবং আমাদের সরবরাহ লাইন সন্ত্রাসী কর্মকাণ্ড থেকে নিরাপদ রাখার জন্য সর্বোত্তম নীতি অনুসরণ করবে। এ সকল মানদণ্ড মূলতঃ কাষ্টমস-ট্রেড পার্টনারশীপ এ্যগেইনিষ্ট টেরিরিজম বা (C-TPAT) এর অধীনে প্রস্তুতকৃত সুপারিশের উপর ভিত্তি করে রচিত।
